

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(জেলা পরিষদ অধিশাখা)

নং-৪৬.০৪২.০১৪.৪১.০২.১০২.২০১১- ৪৫৬৬

তারিখঃ ১২/১২/২০১৫।

বিষয়ঃ জেলা পরিষদ রংপুর সিটি সেন্টার এর নিয়োজিত পরামর্শক ফার্মের তদারকির সময়সীমা বৃদ্ধিকরণের বিষয়ে মতামত প্রদান।

সূত্রঃ জেলা পরিষদ, রংপুর এর স্মারক নং-জেপ৪৭/১৫/৫৭২(২), তাং-০৪.১১.২০১৫খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে রংপুর জেলা পরিষদ কর্তৃক বাস্তবায়নাবীন রংপুর সিটি সেন্টারের পরামর্শক ফার্ম হোম প্রানিং লিঃ এর সাথে সম্পাদিত চুক্তি ও TOR অনুযায়ী তদারকীর সময়সীমা ৬ মাস ধরা ছিল। যার মেয়াদ ২৫.০৯.২০১৫ তারিখে শেষ হবে। উক্ত প্রকল্পটির ১ম লটের নিয়োজিত ঠিকাদারকে ২৬.১১.২০১৪ তারিখের কার্যাদেশ দেয়া হয়। ১ম লটের কাজ ৩১.০৫.২০১৬ তারিখে সমাপ্ত হবে বিষয় পরামর্শক ফার্মের তদারকির মেয়াদ আগামী ৩১.০৫.২০১৬ তারিখ পর্যন্ত (০৮ মাস) বৃদ্ধি করার জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রংপুর অনুরোধ জানান এবং এ ক্ষেত্রে পরামর্শক ফার্মের তদারকির জন্য অতিরিক্ত ২৮.০০ লক্ষ (আটাশ লক্ষ) টাকা ব্যয় হবে মর্মেও উল্লেখ করেছেন যা নিম্নরূপঃ

ক্রঃ নং	পদমর্যাদা	সংখ্যা	কর্ম-মাস	প্রতিমাসের বেতন	মোট টাকার পরিমাণ
১	Senior Construction Engineer	১	৮ মাস	১,৬০,০০০/-	১২,৮০,০০০/-
২	Construction Supervisor (Civil)	১	৮ মাস	৬০,০০০/-	৪,৮০,০০০/-
৩	Construction Supervisor (Electrical)	১	৮ মাস	৬০,০০০/-	৪,৮০,০০০/-
				মোট-	২২,৪০,০০০/-
				ড্যাট+আয়কর	৫,৬০,০০০/-
				মোট	২৮,০০,০০০/-


০২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রংপুর আরো জানান যে, পিপিআর-২০০৮ এর বিধি ৭৪(৪) এবং ৭৯(২)(খ) অনুযায়ী ভেরিফিকেশন অর্ডার বা অতিরিক্ত কার্যাদেশ তফসিল-২ এ বর্ণিত মূল্য সীমার অধিক হলে (১৫% এর অধিক) আর্থিক ক্ষমতা অর্পন আদেশ অনুযায়ী মূল চুক্তি অনুমোদনকারীর কর্মকর্তার পরবর্তী ধাপের উর্ধ্বতন কর্মকর্তার অনুমোদনের বিধান রয়েছে। সিটি সেন্টারের পরামর্শক ফার্মের মেয়াদ ৩১.০৫.২০১৬ তারিখ (০৮ মাস) পর্যন্ত বৃদ্ধি করা হলে অতিরিক্ত ২৮.০০ লক্ষ (আটাশ লক্ষ) টাকা যা পরামর্শক ফার্মের মূল চুক্তি হতে ১৭.৩১% বেশী। অতিরিক্ত ২৮.০০ লক্ষ (আটাশ লক্ষ) টাকা মার্কেটের দোকান/বাণিজ্যিক স্পেস বিক্রয়ের সালামীর প্রাপ্ত অর্থ হতে প্রদান করা হবে এবং পরামর্শক ফার্ম পূর্বের চুক্তি এবং তৎসংশ্লিষ্ট সকল শর্ত মোতাবেক কাজ তদারকি করতে সম্মতি প্রদান করেছে মর্মেও উল্লেখ করেছেন(সংযুক্তি-১)।

০৩। পরামর্শক ফার্মের তদারকির মেয়াদ ছিল ৬মাস। ৬ মাসের অতিরিক্ত সময় তদারকির জন্য যে অর্থের প্রয়োজন তা Fixed Budget প্রাক্কলন অতিক্রম করার কারণে পরামর্শক ফার্মের সাথে চুক্তি সম্পাদনকালীন কাজ সমাপ্তি পর্যন্ত তদারকির দায়িত্ব প্রদান করা হয়নি। বর্ণিত প্রকল্পের পরামর্শক ফার্মের তদারকির চুক্তির মেয়াদ ১ম লটের ঠিকাদারের কাজ সমাপ্তি পর্যন্ত অর্থাৎ আগামী ৩১.৫.২০১৬ পর্যন্ত বৃদ্ধির অনুমোদন দেয়ার জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা পুনরায় অনুরোধ জানিয়েছেন (সংযুক্তি-২)।

০৪। এমতাবস্থায়, জেলা পরিষদ রংপুর সিটি সেন্টার এর নিয়োজিত পরামর্শক ফার্মের তদারকির সময়সীমা বৃদ্ধির বিষয়ে জরুরী ভিত্তিতে মতামত দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

মহাপরিচালক
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
শেরেবাংলা নগর, ঢাকা।


(জুবাইদা নাসরীন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-igzp@lgd.gov.bd

অনুলিপিঃ (জ্ঞাতার্থে /কার্যার্থে) :

- ১। প্রশাসক, জেলা পরিষদ, রংপুর।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রংপুর।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।